বলাগড় বিজয়কৃষ্ণ মহাবিদ্যালয়

অনলাইন অ্যাডমিশন সংক্রান্ত সংক্ষিপ্ত নির্দেশিকা ২০১৯-২০

(বিস্তারিত বিবরনের জন্য ওয়েবসাইট-এ প্রদত্ত Guidelines দ্রষ্টব্য)

অ্যাডমিশন পোর্টাল www.bbkmadmission.in

(এছাড়া কলেজের website www.bbkm.in থেকে ফর্ম ফিলাপ করা যাবে)

উচ্চতর কর্তৃপক্ষের নির্দেশক্রমে ২০১৯-২০ শিক্ষাবর্ষে ভর্ত্তি প্রক্রিয়া সম্পূর্ণভাবে অনলাইন পদ্ধতিতে সম্পন্ন হবে। ভর্ত্তির জন্য ফর্ম পূরণ করা, অ্যাপ্লিকেশন ফি জমা করা, মেধা তালিকা প্রকাশ, মেধা তালিকা অনুযায়ী যারা ভর্ত্তির সুযোগ পাবে তাদের তালিকা প্রকাশ, ভর্ত্তি ফি জমা করা, ইত্যাদি সমুদয় কাজ-ই সম্পাদিত হবে অনলাইন পদ্ধতিতে। অর্থাৎ সমগ্র ভর্ত্তি প্রক্রিয়ায় ভর্ত্তি সংক্রান্ত কোন প্রয়োজনে কোন-ও প্রার্থীকে সশরীরে কলেজ প্রাঙ্গণে হাজির হতে হবে না। ভর্ত্তি হওয়া ছাত্র-ছাত্রীদের ডকুমেন্টস ভেরিফিকেশন করা হবে ক্লাশ শুরু হওয়ার পর।

ফর্ম ফিলাপের জন্য প্রয়োজনীয় ডকুমেন্টস্

আবেদনকারীকে প্রাথমিকভাবে প্রয়োজনীয় (নিম্নলিখিত) ডকুমেন্টস্‌ের অরিজিনাল এর কালার স্ক্যান কপি আপলোড করতে হবে।

১. কালার ফটো
২. মাধ্যমিকের অ্যাডমিট কার্ড
৩. H.S এর রেজিস্ট্রেশন
৪. H.S এর মার্কশিট
৫. কাস্ট সার্টিফিকেট (SC/ST/OBC)

৬. PWD Certificate.
৭. School Leaving Certificate.

ফর্ম ফিলাপের পদ্ধতি ও সাধারন কিছু তথ্য

১. অ্যাডমিশন গাইডলাইন সম্পূর্ন্য ভালোভাবে পড়ে নেওয়া।
২. ফর্ম ফিমাপ করার জন্য সমস্ত ডকুমেন্টস্ (অরিজিনাল) রেডি করে রাখা।
৩. আবেদনকারী ও অভিভাবকের মোবাইল নম্বর বাধ্যতামূলক। পৃথক মোবাইল নম্বর দিতে হবে।
৪. E-mail ID দিলে ভালো হয়।তবে বাধ্যতামূলক নয়।

ফর্ম ফিলাপের পদ্ধতি

বি.এ/বি.এস.সি/বি.কম অনার্স ও জেনারেল ডিগ্রি কোর্সে ভর্তি হওয়ার জন্য সমস্ত আবেদনকারীকে অনলাইনের মাধ্যমে ফর্ম ফিল-আপ করতে হবে এবং ভর্তির ফি জমা দিতে হবে। সরাসরি www.bbkmadmission.in অথবা www.bbkm.in ওয়েবসাইট এর মধ্যে গিয়ে অনলাইনে ফর্ম ফিল-আপ করা যাবে। ফর্ম ফিল-আপ করার সময় ডকুমেন্টস্ অনুযায়ী সমস্ত তথ্য সঠিকভাবে ফর্মে প্রদান করতে হবে। ফর্ম ফিল-আপ করার পর সব আবেদনকারীর মোবাইল নম্বরে একটি করে SMS যাবে, যাতে Candidate ID এবং Password থাকবে। এই Candidate ID এবং Password এর সাহায্যে পোর্টালে log-in ক'রে ফর্মের কোন ভুল সংশোধন করা যাবে এবং এক-ই ভাবে log-in ক'রে অ্যাপ্লিকেশন ফি এবং ভর্তির ফি জমা দিতে হবে। প্রথম একটি Application Fee ১০০ টাকা এবং পরবর্তী প্রতিটি Application Fee ৫০ টাকা ক'রে। Application Fee জমা দেওয়ার পর আবেদনকারীকে Application Form এবং Payment Receipt এর Printout কপি রাখতে হবে । (মেধা তালিকা প্রকাশিত হয়ে যাওয়ার পর কোন আবেদনকারী Application Form এ কোনরূপ পরিবর্তন করতে পারবে না। একান্ত প্রয়োজন হলে কলেজের Help Line এ যোগাযোগ করতে হবে।)

যে কোন ভুল সংশোধনের জন্য এবং অন্যান্য যে কোন সাহায্যের কলেজের হেল্পলাইন নম্বর-৮৬৭০২৭২২২৯ -এ যোগাযোগ করতে হবে।এছাড়া অনলাইনে Help Support Chat - এ সাহায্য নেওয়া যেতে পারে।

ভর্তি সংক্রান্ত যেকোন প্রয়োজনে নিম্নোক্ত ব্যক্তিবর্গের সঙ্গে যোগাযোগ করা যেতে পারে:- *অধ্যক্ষ, ৮৬৭০২৭২২২৯*

ড. শিবাশিস কর্মকার, আহ্বায়ক, ৯৮৩২৫৩৫৩৩৪
শ্রী প্রশান্ত মন্ডল, অ্যাডমিশন অ্যাসিস্ট্যান্ট, ৯৩৩০০৪৪৬৭৭
এছাড়া অনলাইনে **Help Support Chat** - এ সাহায্য নেওয়া যেতে পারে।

মেরিট লিস্ট এবং ভর্তির পদ্ধতি

নির্দিষ্ট সময়ের মধ্যে ফর্ম ফিল-আপ করে Application Fee জমা না দিলে Application বাতিল হয়ে যাবে। নির্দিষ্ট সময়ে Application Fee জমা দেওয়ার পর সমস্ত আবেদনকারীর নাম মেধার ভিত্তিতে প্রস্তুত তালিকায় স্থান পাবে। সমস্ত আবেদনকারীকে নিজের নিজের Merit Rank জেনে নিতে হবে এবং Admission এর জন্য তা Note করে রাখতে হবে। মেধা তালিকা প্রকাশিত হওয়ার পর বিভিন্ন অনার্স এবং জেনারেল কোর্সের আসন সংখ্যার ভিত্তিতে Merit Rank অনুযায়ী আবেদনকারীদের "Offered Admission" করা হবে। অর্থাৎ সংশ্লিষ্ট আবেদনকারীদের ঐ নির্দিষ্ট কোর্সে ভর্তি হওয়ার সুযোগ দেওয়া হচ্ছে। আবেদনকারীগণ এই খবর SMS এর মাধ্যমে পাবে, কিন্তু অনেক সময় নানান কারণে SMS ঠিকমতো পৌছায়না । তাই সকল আবেদনকারীদের অনুরোধ করা হচ্ছে যে, SMS এর অপেক্ষায় না থেকে তারা যেন নিয়মিত অ্যাডমিশন পোর্টাল log-in ক'রে ভর্তি সংক্রান্ত আপডেটেড খবর জেনে রাখে।যে সমস্ত আবেদনকারীদের "Offered Admission" করা হবে, তাদের Candidate ID এবং Password দিয়ে Login করে Online -এ Admission Fee জমা দিতে হবে এবং জমা দেওয়ার পর Admission Fee Payment Receipt Printout করে রাখতে হবে। Admission Fee Payment করার পর কলেজ থেকে আবেদনকারীদের "Admission Confirmed" করা হবে এবং আবেদনকারীদের কাছে সেই মর্মে একটি SMS যাবে। যদি কোন আবেদনকারী নির্দিষ্ট সময়ের মধ্যে Admission Fee জমা না করে তাহলে সে ভর্ত্তির ঐ সুযোগ হারাবে।

*** Merit List Published হয়ে যাওয়ার পর কোন Candidate নিজের Application Form এর পরিবর্তন করতে পারবে না।*

*** যদি কোন বুল সংশোধন করতে হয় তাহলে কলেজের Help Line এ যোগাযোগ করতে হবে।*

জেনারেল কোর্স থেকে অনার্স কোর্স-এ পরিবর্তনের সুযোগ

যদি কোন আবেদনকারী জেনারেল কোর্স-এ ভর্তি হয়ে যাওয়ার পর অনার্স কোর্স-এ "Offered Admission"-এর সুযোগ পায় তবে সে সহজেই অনার্স কোর্স-এ ভর্তি হতে পারবে এবং আগে জমা দেওয়া Admission Fee অ্যাডজাস্ট হয়ে গিয়ে শুধুমাত্র বাড়তি Fees টুকু জমা করতে হবে।

এক অনার্স কোর্স থেকে অন্য অনার্স কোর্স-এ পরিবর্তনের সুযোগ

কোন আবেদনকারী এ সুযোগ একবারই মাত্র পাবে।

ডকুমেন্টস্ ভেরিফিকেশন

ক্লাস শুরু হওয়ার সঙ্গে সঙ্গে ডকুমেন্টস্ ভেরিফিকেশনের জন্য নোটিশ দেওয়া হবে। নির্দিষ্ট তারিখের মধ্যে সকল আবেদনকারীকেই যাবতীয় ডকুমেন্টস্-এর অরিজিনাল নিয়ে এসে ভেরিফিকেশন করিয়ে নিতে হবে। ভেরিফিকেশনের সময় আবেদনকারীর প্রদান করা কোন তথ্য ভুল প্রমাণিত হলে তৎক্ষণাৎ আবেদনকারীর Application এবং Admission বাতিল ব'লে গণ্য হবে।

ভর্তি-প্রক্রিয়ার দিন-ক্ষণ-তারিখ

অনলাইন ফর্মফিলাপ শুরু - ২৭.০৫.১৯
অনলাইন ফর্মফিলাপ শেষ - ০৬.০৬.১৯
ড্রাফট মেরিট লিস্ট - ০৭.০৬.২০১৯
ভুল সংশোধন - ০৭.০৬.২০১৯
ফাইনাল মেরিট লিস্ট -০৮.০৬.২০১৯
"Offered Admission" শুরু - ০৯.০৬.২০১৯ থেকে।

মেরিট লিস্ট অনুযায়ী ০৯.০৬.২০১৯ থেকে আবাদনকারীদের "Offered Admission"করা হবে।নির্ধারিত সময়ের মধ্যে Admission Fee জমা না দিলে তার পরদিন Merit List Rank অনুযায়ী পরবর্তী আবাদনকারীকে "Offered Admission"করা হবে।

প্রতি ধাপে কোন্ কোন্ আবেদনকারীকে "Offered Admission" করা হলো তা নোটিশে দেওয়া হবে এবং SMS করে জানানো হবে।

Help Line-8670272229/ 9330044677
Email- help@bbkm.in